

????? ?????? ?????????? ? ?????????? ????????

ওমরাহ কোটা বন্টনে স্বজনপ্রীতি ও অনিয়মের অভিযোগ

ওমরাহ কোটা বন্টনে কোনো নীতিমালা অনুসরণ করা হয়নি। স্বজনপ্রীতি ও অনিয়মের মাধ্যমে ওমরাহ এজেন্সিগুলোর মধ্যে অতিরিক্ত কোটা বন্টনের অভিযোগ উঠেছে। কাউকে দেড়শ কাউকে ১৫শ কাউকে ১ হাজার কাউকে ৫শ ওমরাহ কোটা ইস্যু করা হয়েছে। চলতি বছর জাতীয় হজ ও ওমরাহ নীতিকে ওমরাহ এজেন্সিগুলোর ৫শ কোটা নির্ধারণ করা হয়েছে। নীতিমালায় উল্লেখ রয়েছে তবে সরকার চাইলে কোটা হ্রাস বা বৃদ্ধি করতে পারবে। গত ২৯ ফেব্রুয়ারী ধর্ম মন্ত্রণালয়ের উপ-সচিব মোহাম্মদ জাকের হোয়াইন ডি ও নং-১৬.০০০০০০.০০৩.১৮.০০৫.১৪.১৬. ২৪৬ এক চিঠিতে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৬ (১৪৩৭ হি:) আরটিক্যাল-২১.২.৩ ধারা উল্লেখ করে হজ এজেন্সি গুলোর অবৈধ কার্যক্রম রোধে প্রত্যেক এজেন্সিকে ওমরাহ কোটা ৫শ-এর বেশি তিসা ইস্যু না করার জন্য টাকাশ সউদী রাষ্ট্রদূতকে অনুরোধ জানান। ইতিমধ্যে অনেক বৈধ ওমরাহ এজেন্সির ৫শ কোটার ওমরাহ যাত্রী ওমরাহ পালন হাজ্জ নিউজ (HAJJNEWS.COM.BD) ওমরাহ এজেন্সির ৫শ কোটার ওমরাহ যাত্রী ওমরাহ পালন hajjnews শেবে দেশে ফিরে আসায় তারা নতুন করে অতিরিক্ত কোটা ইস্যুর অনুরোধ জানিয়ে ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের কাছে লিখিত আবেদন জানান। উল্লেখ্য, ২০১৫ সালে সউদী আরবে ওমরাহ নামে মানব পাচারের অপরাধে সউদী সরকার বাংলাদেশের ওমরাহ বন্ধ করে দিয়েছিল। ১০৪টি ওমরাহ এজেন্সির পার্থানো যাত্রীদের মধ্যে ১১ হাজার ৪৮৫ জন ওমরাহ করতে সউদী গিয়ে আর দেশে ফেরত আসেনি। এমব এজেন্সির অভিযোগ তদন্ত করে ৯৫টি এজেন্সিকে শাস্তি দেয়া হয়েছে। এর মধ্যে ৬৯টি এজেন্সির লাইসেন্স বাতিল, জামানত বাজেয়াপ্তসহ জরিমানা করা হয়। শুধু জরিমানা দেওয়া হয় ২৬টি এজেন্সিকে। আর ৯টি এজেন্সির অভিযোগ খতিয়ে দেখার জন্য পুনঃতদন্তের নির্দেশ দেয়া হয়েছে। ধর্মমন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমানের নির্দেশে ধর্ম মন্ত্রণালয়ের সহকারী সচিব (হজ-২) মো. শহিদুল্লাহ তালুকদার ২৩টি ওমরাহ এজেন্সির অনুকূলে অতিরিক্ত ওমরাহ কোটা বরাদ্দ দেন। নতুন কোটা বরাদ্দপ্রাপ্ত এজেন্সিগুলো হচ্ছে: মেসর হজ কাফেলা টুরস অ্যান্ড ট্রাভেলস (৫০০ জন), ইউরো বেঙ্গল ট্রাভেলস অ্যান্ড টুরিজম (১৫০০ জন), আল-মাহমুদ ট্রাভেলস (১৫০০ জন), বলাকা ট্রাভেলস অ্যান্ড টুরস (১০০০ জন), ইউনিয়ন ট্রাভেলস লি. (৫০০ জন), মেগসাই টুরস অ্যান্ড ট্রাভেলস (১৫০ জন), গালফ ট্রাভেলস (১০০০ জন), পিরায়াকা টের্ডাস অ্যান্ড ট্রাভেলস (গ্রা.) লি. (১৫০ জন), হারাম টুরস অ্যান্ড ট্রাভেলস (১৫০ জন), এম/এস কে এয়ার ইন্টারন্যাশনাল (১৫০ জন), ইস্টার্ন নূর এয়ার (১৫০ জন), জম জম ইন্টারন্যাশনাল (২৫০ জন), এডভান্স ট্রাভেল সলার লি: (১৫০ জন), এম/এস মানস্কাওয়ার এয়ার লিংকার্স (১৫০ জন), আনী এয়ার ট্রাভেলস অ্যান্ড টুরস (২০০ জন), এমকেআর এভিয়েশন সার্ভিসেস (১৫০ জন), মুজদালেফ এভিয়েশন (১০০০ জন), এয়ার ফ্লিগ ইন্টারন্যাশনাল লি: (২০০ জন), ইনামুল এভিয়েশন লি: (৫০০ জন), চ্যালেক্সার ট্রাভেলস অ্যান্ড টুরস লি: (২৫০ জন), গ্রান্ড মিডিয়া টুরস অ্যান্ড ট্রাভেলস (২০০ জন), প্রগতী ট্রাভেলস (২৫০ জন) ও এয়াই স্টেটোকা ইন্টারন্যাশনাল (২০০ জন)। ওমরাহ এজেন্সিগুলোর অনুকূলে স্বজনপ্রীতি ও অনিয়মের মাধ্যমে অতিরিক্ত কোটা বরাদ্দ প্রসঙ্গে গতকাল ধর্ম মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মো. আব্দুল জলিল ইনকিলাবকে বলেন, অতিরিক্ত কোটা বরাদ্দের জন্য কয়েকটি ওমরাহ এজেন্সি ধর্ম মন্ত্রণালয়ের কাছে আবেদন জানিয়েছিল। এমব আবেদনের পরিপ্রেক্ষিতে ধর্মমন্ত্রী অতিরিক্ত কোটা বরাদ্দ দিয়েছেন। এ বিষয়টি মন্ত্রীর এখতিয়ার। আমি অতিরিক্ত কোটা বরাদ্দের সময়ে সউদী আরবে সফরে ছিলাম। জাতীয় হজ ও ওমরাহ নীতির কথা উল্লেখ করে ধর্ম সচিব আব্দুল জলিল বলেন, নীতিমালায় উল্লেখ রয়েছে সরকার ওমরাহ কোটা হ্রাস বৃদ্ধি করতে পারবে। তিনি বলেন, কোটা বৃদ্ধিতে ভুল হোক আর শুদ্ধ হোক

????? ?????? ?????????? ? ?????????? ????????

????? ?????? ?????????? ? ?????????? ????????

